তারিখ ৩।৭।৮৮
পৃষ্ঠা ১ কলাম ৩



দৈনিক ইত্তেফাক

# প্রাথমিক বিদ্যালয়ে মাদক বিরোধী শিক্ষা

॥ নাজীমউদ্দিন মোস্তান ॥

পুলিশ অফিসার ও শিক্ষাবিদগণ যুক্তরাষ্ট্রের প্রাথমিক বিদ্যালয়ে পঞ্চম ও ষষ্ঠ মানের শিশুদের মাদক বর্জনের সামাজিক ও চারিত্রিক দৃঢ়তা শিক্ষাদানের কর্মসূচী ব্যাপক করিয়া তুলিয়াছেন। 'দুঃসাহসী'—বা 'ডেয়ার' নামে অভিহিত এ কর্মসূচী ৩৭টি রাজ্যে পুলিশ বাহিনীর জনসংযোগ ও জনশিক্ষার অন্যতম মাধ্যম হইয়া উঠিয়াছে।

নির্বাচিত স্থানীয় পৌর কর্তৃপক্ষের অধীনে নিযুক্ত ও পরিচালিত যুক্তরাষ্ট্রের প্রায় নিরস্ত্র পুলিশবাহিনীর শিক্ষানুরাগী ও শিশুপ্রিয় অফিসারগণ ডেয়ার কর্মসূচীর শিক্ষক হিসাবে প্রতিসপ্তাহে একদিন করিয়া সতের সপ্তাহের ক্লাসে নবীনদের মধ্যে মাদকবর্জনের সাহস গড়িয়া তোলেন।

(২য় পৃঃ দ্রঃ)

## মাদক বিরোধী শিক্ষা

(১ম পৃঃ পর)

ন্যান্সী রিগ্যানের 'জাস্ট সে নো'—'স্পষ্ট না বলার সাহস' নামক আন্দোলন শিক্ষাকর্তৃপক্ষের মাধ্যমে এবং লসএঞ্জেলস পুলিশের উদ্ভাবিত 'ডেয়ার' কর্মসূচী স্থানীয় আইন প্রয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে যুক্তরাষ্ট্রের নবীন বংশধরদের মাদকের মহামারী হইতে বাঁচাইতে চেষ্টা করিতেছে। হিউষ্টন পুলিশের ডেয়ার সংগঠক টম জনসন এ সংবাদদাতাকে বলিয়াছেন, গড়পড়তা সাড়ে ১১ বছরেই স্কুল বাচ্চারা প্রথমবার মাদকের স্বাদ নেয়। ইহার আগেই মাদকের প্রতি ঘৃণা এবং ইহার বিরুদ্ধে মোকাবিলার বুদ্ধিমত্তাপূর্ণ সাহস যোগাইতে পারিলে শিশুরা মাদকমুক্ত উজ্জ্বল জীবন পাইতে পারে। সামাজিক দায়িত্বে উদ্বুদ্ধ হইয়া বিভিন্ন অঞ্চলের পুলিশ আর্থিক সমস্যার মধ্যেও ডেয়ার কর্মসূচী চালাইতেছে।

হিউষ্টনে ৩ জন অফিসার ১৪টি স্কুলে এ কর্মসূচী শুরু করেন। অফিসার সংখ্যা ৭-এ উন্নীত হওয়ায় ৪২টি স্কুল আওতায় আসিয়াছে। একজন সার্জেন্ট তিনজন অফিসারের শিক্ষাকার্যক্রম তদারকি করেন।

স্কুলে পুলিশ ঢুকিয়া পড়িলে শিশুদের মধ্যে কী প্রতিক্রিয়া হয়, জানিতে চাহিলে লসএঞ্জেলস ও হিউষ্টনে অফিসারগণ জানান, স্বভাবতই সন্দিগ্ধ শিশুরা পুলিশের নিষ্ঠুরতা সম্পর্কে জেরা করিয়া নেয়। তুমি এখানে আসার আগে কাহাকে কাহাকে গুলী করিয়াছ: এ প্রশ্ন প্রায়শই কচিমুখ হইতে আসে। অফিসারগণ স্মিতহাস্যে নম্রব্যাখ্যায় শিশুদের মধ্যে এ প্রতীতি সৃষ্টির চেষ্টা করেন যে, পুলিশ সেবক ও রক্ষক: নিপীড়ক নয়।

নিজের নিরাপত্তা রক্ষার জন্য প্রথম ক্লাসে শিশুরা শিক্ষা পায়। মার্কেট, শপিং এলাকায়, পার্কে বা প্রদর্শনীতে হারাইয়া গেলে নিজের বাসা, টেলিফোন, এলাকা বলিয়া কিভাবে তাহারা ফিরিবে তাহা শিক্ষা দেওয়া হয়।

তারপর মাদকের ব্যবহার, অপব্যবহার, পরিণাম, মাদক ব্যবহারের জন্য বিভিন্ন ধরনের চাপ ও প্ররোচনা এবং উহার মুখে 'না' বলার ভঙ্গি চারটি ক্লাসে শিশুদের শিখানো হয়।

ইহার পর শিশুদের আত্মমর্যাদা গড়িয়া তোলা, নিজের প্রত্যয় বলিষ্ঠভাবে ব্যক্ত করা, মাদকের সাহায্য না লইয়া জীবনের দুঃখ ও টানাপোড়েন অতিক্রম করার দিক শিক্ষা দেওয়া হয়।

অফিসার টম জনসন জানান টিভি ও চলচ্চিত্রে নায়ক-...নায়িকা উত্তেজনা ও টানাপোড়েনের মুহূর্তে মাদক সেবন করে—এদৃশ্য সমাজজীবনে মাদকের সবাইতে ভয়ঙ্কর বিজ্ঞাপন। এদৃশ্য ... যে গৌরবপূর্ণ ব্যক্তিত্ব লক্ষ... তাহা শিশুদের শি... বিপদের সম্ভাবনা থা...

একই সাথে ... সিদ্ধান্ত ও ঝুঁকি গ্রহণ... না করিয়া হর্ষ ও আ... জন্য বহুবিধ সুস্থ প্র... ধারণা দেওয়া হয়। শি... নাটকের মত বিভি... অভিনয় করিয়া বাস্তব... কাছি পরিস্থিতি সৃ... এভাবে একটি সমষ্টি গঠি...

...জড়িত দলকে পর্যন্ত মোক... করার সাহস দেওয়া হয়। এ... ধাপে ধাপে কর্মসূচী শেষ হয়।

ডেয়ার শিক্ষাক্রমের অফিসার... জানান, স্কুলের তিরিশটি শিশুর মধ্যে ২/৩টি পর্যন্ত শিশু আপন পরিবারে মাদকাসক্ত ব্যক্তির দ্বারা বিভিন্নভাবে পীড়িত। এ ব্যক্তি তাহার মা, বাবা, ভাই, বোন হইতে পারে। ডেয়ার কর্মসূচী পারিবারিক ক্ষেত্রেও শিশুকে দুর্ভাগ্যজনক পরিস্থিতি মোকাবিলার শক্তি যোগায়। ...ডেয়ার কর্মসূচী ...রাজী ভাবী ... মূল্যায়ন ... ...শুদের মধ্যে ...